



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৪ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

আসন্ন শারদীয় দুর্গোৎসব উপলক্ষে নগরীর সনাতন ধর্মীয় সম্প্রদায়ের ২ শত ৬৬ টি পূজামন্ডপে ১৩ লক্ষ ৩০ হাজার টাকা অনুদান দিল মেয়র আ জ ম নাছির উদ্দীন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, দেশ সবার সকল ধর্মীয় সম্প্রদায়ের সম্মিলিত প্রয়াসে দেশ সামনে এগিয়ে যাবে। তিনি সকল ধরনের সংকীর্ণতা পরিহার করে সকলকে ঐক্যবদ্ধভাবে ধর্মীয় আচার অনুষ্ঠান উদযাপনের আহবান জানান। প্রসঙ্গক্রমে মেয়র বলেন, দেশে নানামুখি সংকট বিদ্যমান। একদিকে মিয়ানমার থেকে আগত শরণার্থী অপরদিকে বন্যায় ক্ষতিগ্রস্ত প্রায় ৩০ জেলার লক্ষ লক্ষ মানুষের আহাজারি। সবকিছু ঠান্ডা মাথায় সফলতার সাথে মোকাবিলা করছেন দৃঢ়চেতা সফল রাষ্ট্রনায়ক প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। তিনি নানা প্রতিকূলতাকে অতিক্রম করে দেশের স্বার্থকে অটুট রাখার প্রত্যয়ে সারা বিশ্বকে সাথে নিয়ে কাজ করে যাচ্ছেন। মানবতার মাতা খ্যাতি অর্জন করে শেখ হাসিনা এগিয়ে যাচ্ছেন। তিনি সনতান ধর্মীয় সকলকে সরকারের পাশে থেকে সহযোগিতার আহবান জানান। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, মুসলিম, হিন্দু, বৌদ্ধ ও খৃষ্টান সহ সকল ধর্মীয় সম্প্রদায়ের আচার অনুষ্ঠানে পাশে থাকার চেষ্টা করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। নাগরিক সেবার অংশ হিসেবে এবারের দুর্গোৎসবে ১৩ লক্ষ ৩০ হাজার টাকা সার্বজনীন অনুদান প্রদান ছাড়াও চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত পূজা উদযাপন পরিষদকে ২২ লক্ষ টাকা, ৪টি সেবক কলোনী পূজা উদযাপন কমিটিকে ১ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে। যা সিটি কর্পোরেশনের ইতিহাসে বিরল ঘটনা। তিনি আরো বলেন, মিয়ানমার থেকে আগত শরণার্থীদের জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা কর্মচারীদের ১ দিনের বেতন বাবদ ২০ লক্ষ টাকা, ঔষধপত্র বাবদ ৫ লক্ষ টাকা এবং বন্যা দুর্গতদের জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা কর্মচারীদের ১ দিনের বেতন বাবদ প্রায় ২০ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে। তিনি বলেন, মিয়ানমার শরণার্থীদের সেবা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন থেকে স্বেচ্ছাসেবক প্রেরণ করা হবে। এছাড়াও দুর্গোৎসব শেষে প্রতীমা বিসর্জনের জন্য চসিক পতেঙ্গা এবং কালুরঘাটে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করে আসছে তা আগামীতেও অব্যাহত থাকবে। মেয়র আশা করেন, অসাম্প্রদায়িক চেতনায় বাঙালির এ মহান উৎসবে সনাতন ধর্মীয় সম্প্রদায়ের পাশাপাশি সকল ধর্মীয় সম্প্রদায় সহযোগিতা অব্যাহত রাখবে। ২৪ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. রবিবার, বিকেলে মেয়রের আন্দরকিল্লাস্থ বাসভবনে নগরীর ২ শত ৬৬ টি পূজা মন্ডপে অনুদান প্রদান অনুষ্ঠানে মেয়র এসব কথা বলেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজকল্যাণ স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর মো. সলিম উল্লাহ বাচ্চু। এতে আলোচনা করেন, বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর শৈবাল দাশ সুমন, শ্রী শ্রী জন্মাষ্টমী উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক এডভোকেট চন্দন তালুকদার, চট্টগ্রাম মহানগর পূজা উদযাপন কমিটির সভাপতি অরবিন্দ পাল অরুন, সাধারণ সম্পাদক সুজিত দাশ, সাবেক সাধারণ সম্পাদক অধ্যাপন অর্পন ব্যানার্জি, লায়ন আশিষ ভট্টচার্য। উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী লে.কর্ণেল মহিউদ্দিন আহমদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো. রফিকুল ইসলাম, উপ সচিব আশেক রসুল চৌধুরী টিপু, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, নির্বাহী প্রকৌশলী বুলন দাশ, পূজা উদযাপন কমিটির যুগ্ম সম্পাদক হিল্লোল সেন উজ্জ্বল ও মিথুন মল্লিক সহ অন্যান্য নেতৃবৃন্দ। মেয়র মন্ডপ ভিত্তিক পূজা উদযাপন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকদের হাতে ৫ হাজার টাকা করে অনুদান তুলে দেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা